

# Prime Minister Shri Narendra Modi virtually met stakeholders involved in Operation Ganga launched for evacuation of Indians from Ukraine

March 15, 2022

## ইউক্রেন থেকে ভারতীয়দের নিরাপদে দেশে ফিরিয়ে আনতে অপারেশন গঙ্গার সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে ভার্চুয়াল পদ্ধতিতে মতবিনিময় করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ অপারেশন গঙ্গার সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে ভার্চুয়াল পদ্ধতিতে মতবিনিময় করেছেন। অপারেশন গঙ্গা অভিযানে ইউক্রেন থেকে প্রায় ২৩ হাজার ভারতীয় সহ ১৮টি দেশের ১৪৭ জন নাগরিককে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়েছে।

মতবিনিময়ের সময় ইউক্রেন, পোল্যান্ড, স্লোভাকিয়া, রোমানিয়া ও হাঙ্গেরিতে ভারতীয় সম্প্রদায় ও বেসরকারি ক্ষেত্রের প্রতিনিধিরা অপারেশন গঙ্গায় যুক্ত হয়ে তাঁরা যে সমস্ত চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছেন, সে সম্পর্কে তাঁদের অভিজ্ঞতার কথা জানান। প্রতিনিধিরা আরও বলেন, এ ধরনের একটি দুরূহ মানবিক সহায়তা অভিযানে যুক্ত হতে পেরে তাঁরা অত্যন্ত সন্তুষ্ট এবং সম্মানিত বোধ করছেন।

প্রধানমন্ত্রী ভারতীয় সম্প্রদায়ের নেতৃবৃন্দ, স্বৈচ্ছাসেবক গোষ্ঠী, বিভিন্ন সংস্থা, অসামরিক ব্যক্তি এবং সরকারি আধিকারিক, যাঁরা অপারেশন গঙ্গাকে সফল করতে নিরলস কাজ করেছেন, তাঁদের উষ্ণ অভিনন্দন জানান। অপারেশন গঙ্গায় যুক্ত সংশ্লিষ্ট সকল পক্ষের দেশাত্মবোধের মানসিকতা, সামাজিক সেবা ও দলগত সংহতির প্রশংসা করেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী বলেন, বিভিন্ন সামাজিক সংগঠন বিদেশের মাটিতেও যে নিঃস্বার্থ সেবার দৃষ্টান্ত রেখেছে, তা প্রকৃতপক্ষে ভারতীয় সভ্যতার মূল্যবোধগুলিকেই প্রতিফলিত করে।

ইউক্রেন সংকটের সময় ভারতীয় নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রয়াসগুলি সম্পর্কে প্রধানমন্ত্রী ইউক্রেন ও প্রতিবেশী কয়েকটি দেশের নেতৃবৃন্দের সঙ্গে তাঁর ব্যক্তিগত আলাপ-আলোচনার কথাও স্মরণ করেন। ভারতীয়দের নিরাপত্তা নিশ্চিত করতে এই দেশের সরকারগুলি যে সহায়তা করেছে, তার জন্য শ্রী মোদী কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বিদেশে ভারতীয়দের নিরাপত্তায় সরকার সর্বদাই সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে থাকে বলে পুনরায় উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, যে কোনও আন্তর্জাতিক সংকটের সময় নাগরিকদের সহায়তায় ভারত তৎপরতার সঙ্গে কাজ করেছে। বসুধৈব কুটুম্বকম্ – এর সুপ্রাচীন আদর্শ অনুসরণ করে ভারত আপৎকালীন পরিস্থিতিতে অন্য দেশের নাগরিকদের মানবিক সহায়তা দিয়েছে।

নতুন দিল্লী

মার্চ 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.